

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 10 April, 2025

ইয়েমেন থেকে ইসরাইলের দিকে ছোড়া একটি ক্ষেপণাস্ত্র সৌদি আরবের ওপর আড়াই পড়েছে। ইসরাইলি মিডিয়ার খবরে এমনটা দাবি করা হয়েছে।

স্থানীয় সময় বুধবার (৯ এপ্রিল) রাত ৯টার দিকে ইসরাইলের দিকে ক্ষেপণাস্ত্রটি ছোড়া হয়। তবে এটি মাঝপথে সৌদি আরবে পড়ে। তবে ঠিক কোথায় পড়েছে এ বিষয়ে কিছু জানা যায়নি। খবর আনাদুলু এজেন্সির।

বিস্তারিত তথ্য না জানিয়েছে ইসরাইলের পাবলিক ব্রডকাস্টিং কর্পোরেশন (কেএএন) কর্তৃপক্ষ জানিয়েছে, ইসরাইলের দিকে লক্ষ্য করে ইয়েমেন থেকে একটি ক্ষেপণাস্ত্র ছোড়া হয়। কিন্তু সেটি সৌদি আরবে আড়াই পড়ে। তবে ইসরাইলি মিডিয়ায় প্রচারিত এমন খবরে হুঁথি গোষ্ঠী কিংবা সৌদি আরবের পক্ষ থেকে কিছু বলা হয়নি।

চলতি বছরের ১৯ জানুয়ারি গাজায় যুদ্ধবিরতি কার্যকর হওয়ার ইসরাইল ও লোহিত সাগরে আক্রমণ বন্ধ করে দেয় হুঁথি। কিন্তু ফিলিস্তিনের অবরুদ্ধ ওই ভূখণ্ডে মানবিক সহায়তার প্রবেশে ইসরাইলের অবরোধ ও পরে আগ্রাসন পুনরায় শুরুর জবাবে গত মার্চ মাস থেকে ইসরাইলে পুনরায় হামলা শুরু করে গোষ্ঠীটি।

২০২৩ সালের ৭ অক্টোবরে গাজায় ইসরাইলি সামরিক আগ্রাসন শুরুর হওয়ার কয়েক সপ্তাহ পর থেকে হুঁথি লোহিত সাগর ও এর আশপাশের সমুদ্র অঞ্চলে ইসরাইল ও এর সঙ্গে সংশ্লিষ্ট দেশগুলোর জাহাজ লক্ষ্য করে হামলার পাশাপাশি ইসরাইলেও হামলা চালিয়ে আসছে।

চলতি বছরের ১৯ জানুয়ারি গাজায় যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর লোহিত সাগরে আক্রমণ বন্ধ করে দেয় হুঁথি। কিন্তু গত মাসে ফিলিস্তিনের অবরুদ্ধ ওই ভূখণ্ডে মানবিক সহায়তার প্রবেশে বাঁধা এবং নতুন করে আগ্রাসন শুরুর জবাবে ইসরাইলে ফের হামলা শুরু করে গোষ্ঠীটি।

টাইমস অব ইসরাইলের প্রতিবেদন বলা হয়েছে, গত ১৮ মার্চ গাজা উপত্যকায় হামাসের বিরুদ্ধে ইসরাইলি বাহিনীর নতুন আক্রমণ শুরু হওয়ার পর থেকে হুঁথি ইসরাইলের দিকে ১৮টিরও বেশি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং দুটি ড্রোন নিক্ষেপ করেছে। তবে এর মধ্যে মাত্র ১০টি ক্ষেপণাস্ত্র ইসরাইলের আকাশে প্রবেশ করতে সক্ষম হয়নি। বাকিগুলো ব্যর্থ হয়।

ব্যালিস্টিক ইয়েমেন

Generated on 28 June, 2025 12:33

URL: <https://www.timestodaybd.com/public/international/368692532>